



ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১
DHAKA PALLI BIDYUT SAMITI-1

সদর দপ্তর
পলাশবাড়ী, সাভার, ঢাকা।
টেলিফোন: ৭৭৯১৬১০
E-Mail: dhakapbs01@gmail.com

স্মারক নং-২৭.১২.২৬৭২.৫১৬.৪০.১০০.১৮-৬৩৬৪

তারিখঃ- ০৬-১২-২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ-রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন সদর দপ্তরের জন্য রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত যোগ্যতা সম্পন্ন নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- ০২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০৩। সমিতির আওতাভুক্ত থানা/এলাকায় সরকারী ডাক্তার হিসাবে/অন্যকোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪। আলোচ্য পদে ০৩(তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে (উভয়পক্ষের সম্মতিতে যা নবায়নযোগ্য হবে)।
- ০৫। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে মাসিক রিটেইনার ফি ও অন্যান্য ফি প্রদান করা হবে।
- ০৬। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসাবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৭। নিয়োগ চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে ৩০(ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৮। ০৩ (তিন) বছরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার পূর্বে উভয়পক্ষ পুনঃচুক্তি নবায়নে আগ্রহী হলে পুনরায় চুক্তি সম্পাদন করা যাবে।
- ০৯। সপ্তাহে ০২(দুই) দিন অফিস চলাকালীন অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকবার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। ব্যক্তিগত চেষ্টারে সমিতির যে কোন কর্মকর্তা/কর্মচারী উল্লেখিত নির্দিষ্ট ০২(দুই) দিন ব্যতীত সপ্তাহের অন্যান্য দিন চিকিৎসার জন্য ছোতে পারবে। এর জন্য কোন পৃথক ডিজিট বা ফি দেয়া হবে না।
- ১১। দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে সমিতির ভৌগলিক এলাকাস্থ যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হবে (এক্ষেত্রে যাতায়াত ভাতা/ ফি দেয়া হবে)।
- ১২। আবেদনপত্রের প্রয়োজনীয় তথ্যাদিঃ-
আবেদনকারী নাম,(স্পেস্টাক্ষরে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, ও অন্যান্য শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি, সম্প্রতিকালে তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রের ফটোকপি সমূহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

উপরোক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে দরখাস্ত আগামী ১২-১২-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌছাতে হবে।

স্বাক্ষরঃ
(মোঃ আজহার আলী)
জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ- (বিজ্ঞপ্তি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রদানের অনুরোধ করা হলোঃ

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ(কেঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ঢাকা পবিস-৩/ গাজীপুর পবিস-২/২
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সাভার/কালিয়াকৈর।
- ০৪। ইউএইচএ এন্ড এফপিও, স্বাস্থ্য কমপ্লেক্স, সাভার/কালিয়াকৈর।
- ০৫। ডিজিএম(সদর-কারিগরি)/শ্রীপুর/আশুলিয়া/কালিয়াকৈর/চন্দ্রা/জামগড়া/মৌচাক জোনাল অফিস, ঢাকা পবিস-১।
- ০৬। এজিএম (এম-এস/ওএন্ডএম/পিএন্ডএম/ইএন্ডসি/ অর্থ (হিসাব/রাজস্ব) ঢাকা পবিস-১।
- ০৭। নোটিশ বোর্ড, সদর দপ্তর, ঢাকা পবিস-১।

জেনারেল ম্যানেজার।